


# Pfizer-এর COVID-19 বুস্টার শট

## প্রায়শই জিজ্ঞাসা করা প্রশ্নগুলি

Pfizer-এর COVID-19 বুস্টার শট ঐ সকল যোগ্য ব্যক্তিদের জন্য সুপারিশ করা হয় যারা ছয় মাস বা তারও আগে Pfizer COVID-19 টিকার দ্বিতীয় ডোজ নিয়েছিলেন এবং 65 বছর ও তার অধিক বয়স্ক ব্যক্তি সহ, যারা COVID-19-এর সংস্পর্শে চলে আসার বা COVID-19-এ অসুস্থ হয়ে পড়ার বাড়তি ঝুঁকিতে রয়েছেন। Pfizer-এর দ্বিতীয় ডোজের ছয় মাস বা তারও পরে বুস্টার শট দেওয়া উচিত।

### বুস্টার শট কি?

বুস্টার শট হল ঐসব লোকদের জন্য টিকার একটি অতিরিক্ত ডোজ যারা টিকা থেকে সুরক্ষা তৈরি করেছিলেন কিন্তু এ সুরক্ষা সময়ের সাথে সাথে হয়তো হ্রাস পেয়েছে (একে বলে রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পাওয়া)।

### বুস্টার শট কারা পেতে পারেন?

Pfizer টিকার দ্বিতীয় ডোজ প্রাপ্ত নিম্নলিখিত গ্রুপগুলি দ্বিতীয় ডোজের ছয় মাস পরে Pfizer-এর বুস্টার শট পাওয়ার যোগ্য হবেন:

+ 65 বছর বা তার বেশি বয়সী লোকেরা
+ যারা নার্সিংহোম বা অন্যান্য দীর্ঘমেয়াদী যত্নের ফ্যাসিলিটিতে বাস করেন
+ গুরুতর COVID-19 এর ঝুঁকি বাড়িয়ে তোলে এমন অন্তর্নিহিত মেডিকেল অবস্থা আছে এমন 18 থেকে 64 বছর বয়সী লোকেরা
+ চাকরীর (উদাহরণস্বরূপ, স্বাস্থ্যসেবা কর্মী বা শিক্ষকেরা) কারণে অথবা থাকার কিংবা ঘন ঘন আসা যাওয়া করার জায়গার (উদাহরণস্বরূপ, গৃহহীনদের আশ্রয় কেন্দ্র) কারণে COVID-19-এর সংস্পর্শে চলে আসার বাড়তি ঝুঁকিতে থাকা 18 থেকে 64 বছর বয়সী লোকেরা

### বুস্টার শট কেন সুপারিশ করা হয়?

COVID-19 জনিত গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি এবং মৃত্যু প্রতিরোধে Pfizer টিকা এখনও খুব কার্যকর। তবে, কিছু গবেষণায় দেখা গেছে যে সংক্রমণের বিরুদ্ধে Pfizer টিকার সুরক্ষা প্রায় ছয় মাস পর থেকে হ্রাস পেতে শুরু করতে পারে। বুস্টার শট COVID-19 এর সংস্পর্শে আসা বা গুরুতর COVID-19 জনিত অসুস্থতার অতিরিক্ত ঝুঁকিতে থাকা ব্যক্তিদের বাড়তি সুরক্ষা প্রদান করতে পারে, বিশেষত আমাদের সম্প্রদায়গুলিতে ছড়িয়ে পড়া ডেল্টা ভ্যারিয়েন্টের উপস্থিতির কারণে।

### যারা Moderna বা Johnson & Johnson COVID-19 টিকা পেয়েছেন তাদের জন্যও কি বুস্টার উপলব্ধ আছে?

Pfizer-এর বুস্টার শট শুধুমাত্র সেইসব যোগ্য ব্যক্তিদের জন্য উপলব্ধ যারা Pfizer টিকার প্রথম দুই ডোজ নিয়েছিলেন। যারা Moderna বা Johnson & Johnson টিকা নিয়েছেন তাদের জন্য Pfizer বুস্টার অনুমোদিত নয়।

### কোন মেডিকেল অবস্থাগুলি (মেডিকেল কন্ডিশন) COVID-19 জনিত গুরুতর অসুস্থতার ঝুঁকি বাড়ায়?

COVID-19 জনিত গুরুতর অসুস্থতার ঝুঁকি বাড়ায় এমন মেডিকেল অবস্থাসমূহের মধ্যে রয়েছে ডায়াবেটিস, হৃদরোগ, দীর্ঘস্থায়ী কিডনি রোগ, দীর্ঘস্থায়ী ফুসফুসের রোগ, লিভারের রোগ, ক্যান্সার, ডিমেনশিয়া, এইচআইভি এবং গর্ভাবস্থা। সম্পূর্ণ তালিকার জন্য দেখুন:

চলমান ►

cdc.gov/coronavirus/2019-ncov/need-extra-preferences/people-with-medical-conditions.html

### কারা তাদের কর্মস্থলে বা অন্য কোন পরিবেশে COVID-19 এর সংস্পর্শে আসার বাড়তি ঝুঁকিতে আছেন?

COVID-19 এর সংস্পর্শে আসার ঝুঁকি বাড়িয়ে দিতে পারে এমন চাকরিসমূহের মধ্যে রয়েছে স্বাস্থ্যসেবা কর্মী, শিক্ষক, ডে-কেয়ার কর্মী, এবং রেস্তোরাঁ ও মুদি দোকানের কর্মীরা। অন্যান্য যেসব পরিবেশ এক্সপোজার বা সংস্পর্শে আসার ঝুঁকি বাড়াতে পারে তার মধ্যে রয়েছে গৃহহীনদের আশ্রয় কেন্দ্র এবং কারাগার।

### আমি কিভাবে বুঝব যে আমার বুস্টার শট লাগবে কি না?

আপনার বুস্টার শট নেওয়া উচিত কিনা সে সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন থাকে তাহলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন। আপনার যদি কোনও স্বাস্থ্যসেবা প্রদানকারী খুঁজে পেতে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 311 নম্বরে কল করুন।

### যারা গর্ভবতী, বাচ্চাকে বুকের দুধ খাওয়াচ্ছেন বা গর্ভবতী হওয়ার চেষ্টা করছেন তারা কি বুস্টার পেতে পারেন?

গর্ভবতী এবং সাম্প্রতিক সময়ে গর্ভবতী হওয়া ব্যক্তিরা গর্ভবতী নয় এমন ব্যক্তিদের তুলনায় COVID-19 হতে গুরুতর অসুস্থতায় পতিত হওয়ার উচ্চ ঝুঁকিতে রয়েছেন। গর্ভবতীদেরকে COVID-19 এর বিরুদ্ধে টিকা দেওয়া উচিত। গর্ভবতীরা যদি যোগ্যতার মানদণ্ড পূরণ করেন, তাহলে তাদের একটি বুস্টার গ্রহণ করা উচিত।

### বুস্টার শট নেওয়ার ঝুঁকিগুলি কী কী?

অনেক লোকই যারা Pfizer টিকার দুই ডোজ নিয়েছিলেন তাদের বুস্টার শট নেওয়ার সুবিধাগুলি যেকোনো ঝুঁকিকে ছাড়িয়ে যায়। এখন পর্যন্ত, তৃতীয় শট নেওয়ার পর রিপোর্ট করা প্রতিক্রিয়াগুলি প্রথম দুটি ডোজের মতোই ছিল। ক্লান্তি এবং বাহুতে ব্যথা ছিল সর্বাধিক রিপোর্টকৃত পার্শ্বপ্রতিক্রিয়া। বেশিরভাগ পার্শ্বপ্রতিক্রিয়াই ছিল হালকা থেকে মাঝারি। পার্শ্বপ্রতিক্রিয়া বিরল তবে একটি বুস্টার শট নেওয়ার পরে দেখা যেতে পারে।

### বুস্টার শট কি প্রথম দুটি ডোজের মতোই একই টিকা?

হ্যাঁ। Pfizer বুস্টার শটটি প্রথম দুটি ডোজের মতোই একই টিকা এবং একই ডোজ।

### আমার কখন বুস্টার শট নেওয়া উচিত?

আপনি Pfizer-এর COVID-19 টিকার দ্বিতীয় ডোজ নেওয়ার ছয় মাস বা তারও পরে আপনার বুস্টার শট নেওয়া উচিৎ।

### আমাদের যদি বুস্টার শটের প্রয়োজন হয়, তার মানে কি এই যে টিকা কাজ করছে না?

না। COVID-19 এর টিকাগুলি গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া, এবং মৃত্যু প্রতিরোধে ভালোভাবে কাজ করছে, এমনকি ব্যাপকভাবে ছড়িয়ে পড়া ডেল্টা ভ্যারিয়েন্টের বিরুদ্ধেও। তবে, জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা সুরক্ষায় হালকা হ্রাস পাওয়া দেখতে শুরু করেছেন, বিশেষ করে নির্দিষ্ট কিছু জনগোষ্ঠীর মধ্যে।

### আমি ইমিউনোকম্প্রোমাইজড এবং টিকার তৃতীয় ডোজ পেয়েছি। আমারও কি বুস্টার শট নেওয়া উচিত?

না। এই মুহূর্তে চতুর্থ ডোজ গ্রহণের জন্য কোন নির্দেশনা নেই। মাঝারি থেকে গুরুতরভাবে ইমিউনোকম্প্রোমাইজড ব্যক্তিদের তৃতীয় ডোজ সম্পর্কিত তথ্যের জন্য, nychealthandhospitals.org/covid-19-vaccines ওয়েবসাইট দেখুন।

### আমি বিনামূল্যে বুস্টার শট কোথায় পাব?

NYC Health + Hospitals সিস্টেমের যে 11টি হাসপাতালে Pfizer টিকার প্রথম দুটি ডোজ পেয়েছিলেন সেই একই জায়গাতে আপনার যাওয়ার কোনও প্রয়োজন নেই। আপনার বুস্টারের জন্য NYC Health + Hospitals-এর যেকোনো অ্যাকিউট কেয়ার হাসপাতালে অ্যাপয়েন্টমেন্ট ছাড়াই চলে যান, covid19.nychealthandhospitals.org/COVIDVaxEligibility ওয়েবসাইটে বুস্টার অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করুন অথবা অনেকগুলো ভাষায় সহায়তা পেতে 1-877-829-4692 নম্বরে কল করুন। Pfizer-এর বুস্টার শটগুলি NYC Health + Hospitals/Gotham Health-এর অবস্থানগুলিতে পাওয়া যায় না।

### আমি কি অন্যান্য টিকার (যেমন ফ্লু-এর টিকার) সাথে একই সময়ে বুস্টার শট নিতে পারি?

হ্যাঁ। অন্যান্য টিকার মতোই একই সময়ে কিংবা তার আগে বা পরে যে কোনও সময় বুস্টার শট নেওয়া নিরাপদ। আপনি যদি এখনও আপনার ফ্লু শট না নিয়ে থাকেন, উভয়ই NYC Health + Hospitals-এর অ্যাকিউট কেয়ার হাসপাতালের অবস্থানগুলিতে পাওয়া যাচ্ছে।

### পুরোপুরি টিকার আওতায় আসার জন্য আমার কি বুস্টার শট নেওয়া দরকার?

না। দুই ডোজ টিকার দ্বিতীয় ডোজের (যেমন Pfizer বা Moderna) দুই সপ্তাহ পরে বা একক ডোজের Johnson & Johnson টিকা নেওয়ার দুই সপ্তাহ পরেই টিকাগ্রহীতা সম্পূর্ণরূপে টিকার আওতায় এসেছেন বলে বিবেচনা করা হয়।

### বুস্টার শট কি বাধ্যতামূলক করা হবে?

স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য নিউইয়র্ক স্টেটের ভ্যাকসিনেশন ম্যান্ডেট শুধুমাত্র প্রথম এবং দ্বিতীয় ডোজের ক্ষেত্রে প্রযোজ্য। এই আদেশে বুস্টার শট অন্তর্ভুক্ত নয়।

NYC HEALTH+ HOSPITALS

Published: 9/29/2021